



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
www.ccb.gov.bd



তারিখঃ ০৭ এপ্রিল ২০২২
২৪ চৈত্র ১৪২৮

প্রেস রিলিজ

ভোজ্য তেলের কারসাজি নির্মূলের লক্ষ্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক গঠিত অনুসন্ধান দল আজ ০৭ এপ্রিল ২০২২ খ্রি: রোজ বৃহস্পতিবার নারায়নগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলাধীন উত্তর রূপসীস্থ বাংলাদেশ এডিবল অয়েল লিমিটেড এর গুদাম/শোধনাগারে তথ্য অনুসন্ধানের উদ্দেশ্যে গমন করে।

অনুসন্ধানকালে ভোজ্য তেলের উৎপাদন, আমদানি, সাপ্লাইচেইন, স্থিতি, এসও ডেলিভারি সিস্টেম সংক্রান্ত তথ্য সংগ্রহ করে অনুসন্ধান দল। এসময় বাংলাদেশ এডিবল অয়েল লিমিটেড কর্তৃপক্ষ অনুসন্ধান দলকে অবহিত করেন যে, পরিশোধিত বোতলজাত সয়াবিন, পাম ও রাইস ব্র্যান অয়েলের মজুদের পরিমাণ রয়েছে যথাক্রমে ৪২৪.১৯৭ মে.টন, ২৪৬.৪১৭ মে.টন ও ৫৫.৫৭ মে.টন। আরো জানান যে, পরিশোধিত সয়াবিন, পাম রাইস ব্র্যান অয়েলের মজুদ রয়েছে যথাক্রমে ১২২১ মে.টন, ২৮৪ মে.টন ও ২৩৫ মে.টন এবং সুপার অলিন মজুদ রয়েছে ২১৪ মে.টন। অপরিশোধিত সয়াবিন অয়েল ১৮৫৩ মে.টন মজুদ রয়েছে বলেও উল্লেখ করেন।

এছাড়াও কর্তৃপক্ষ জানান যে, প্রতিষ্ঠানটি দৈনিক ৪০০ টন (বোতলজাত), পরিশোধিত দৈনিক ৬০০ টন (বোতলজাতহীন) অয়েল উৎপাদন করতে সক্ষম এবং তাদের মাসিক উৎপাদন সক্ষমতা প্রায় ২৬ হাজার টন।

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের উপপরিচালক জনাব মোঃ জসিম উদ্দীন অনুসন্ধান দলের আহ্বায়ক হিসেবে অনুসন্ধান দলের নেতৃত্ব প্রদান করেন। রূপগঞ্জ থানা পুলিশ এ সময় অনুসন্ধান দলকে সহায়তা প্রদান করে।

(শেখ রুবেল)

জনসংযোগ কর্মকর্তা
টেলিফোন নম্বর: ০২-৫৫১৩৮৪১২
ই-মেইল : shekhruveldu@gmail.com